

# একদিন

এগিয়ে চলার সঙ্গী

KOLKATA, 3 JANUARY 2021, SUNDAY

## টিডিএস ম্যানেজমেন্টের দুনিয়ায় নতুন দিশা দেখাচ্ছে 'টিডিএসম্যান'

নিজস্ব প্রতিবেদন: আর্থিক বছরের শেষে ইনকাম ট্যাক্স এক অতি প্রয়োজনীয় বিষয়। দেশের এক বিরাট অংশের মানুষকে নিয়ম করে প্রতি বছর আয়কর রিটার্ন জমা করতে হয়। ট্যাক্স রিটার্নের ক্ষেত্রে এক অতি পরিচিত নাম পিডিএস ইনফোস্টেক প্রাইভেট লিমিটেড। কর্ণথার রঞ্জন গোস্বামীর হাত ধরে ২০০৮ সালে যাত্রা শুরু করে এই সংস্থা। এরই মধ্যে তারা নিজেদের আলাদা একটা জায়গা করে নিয়েছে। ট্যাক্স রিটার্নের কাজটি এড়াতে একের পর নতুন সফটওয়্যার বাজারে নিয়ে এসেছে তারা। যার বেশির ভাগই এর মধ্যে বেশ জনপ্রিয়তা পেয়েছে। এরই মধ্যে ২০১০ সাল নাগাদ তারা বাজারে নিয়ে আসে তাদের তৈরি একেবারে নতুন এক সফটওয়্যার টিডিএসম্যান।

টিডিএস ম্যানেজমেন্টের ক্ষেত্রে তাদের তৈরি এই সফটওয়্যার অত্যন্ত উপযোগী বলেই দাবি



সংস্থার। ট্যাক্সের নিয়ম মেনে টিডিএস রিটার্ন ও অন্যান্য নিয়মকানুন মেনে গণ্য কাজটিকে অত্যন্ত সহজ করে তুলেছে এই সফটওয়্যার। ট্যাক্স রিটার্নের ক্ষেত্রে সংস্থার কর্ণথার রঞ্জন গোস্বামী তাঁর নিজস্ব অভিজ্ঞতার কথা মাথায় রেখে তৈরি করেন এই সফটওয়্যার। সফটওয়্যারের ডিজাইন ও প্রসেস সেভাবেই তৈরি করা হয়েছে। এই ক'বছরেই তাই এই সফটওয়্যার আয়করদাতা ও এই কাজে যুক্তদের মধ্যে বিপুল জনপ্রিয়তা অর্জন করেছে। তাই খুব স্বাভাবিক ভাবেই টিডিএসম্যান এরই মধ্যে দেশের প্রায় সবক'টি রাজ্যে প্রভাব বিস্তার করেছে। দেশের লক্ষ লক্ষ ট্যাক্স পেশাদার থেকে শুরু করে এককিক সরকারি দপ্তর, পাবলিক সেক্টর, আন্ডারটেকিং সংস্থা, ব্যাংক, বিমা কোম্পানি, পুরনিগম, পুরসভাও টিডিএসম্যান ব্যবহার করে উপকৃত হয়েছে।